

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪০৬

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

### الفصلُ الثَّنِيُّ

আরবী

وَعَنْ ثَوْبَانَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا وُضِعَ السَّيْفُ فِي أُمَّتِي لَمْ يُرْفَعْ عَنْهَا إِلَى يَوْمِ الْقِيَامَةِ وَلَا تَقُومُ السَّاعَةُ حَتَّى تَلْحَقَ قَبَائِلُ مِنْ أُمَّتِي بِالْمُشْرِكِينَ وَحَتَّى تَعْبُدَ قَبَائِلُ مِنْ أُمَّتِي الْأَوْثَانَ وَإِنَّهُ سَيَكُونُ فِي أُمَّتِي كَذَابُونَ ثَلَاثُونَ كُلُّهُمْ يَزْعُمُ أَنَّهُ نَبِيُّ اللَّهِ وَأَنَا خَاتَمُ النَّبِيِّينَ لَا نَبِيٌّ بَعْدِي وَلَا تَزَالُ طَائِفَةٌ مِنْ أُمَّتِي عَلَى الْحَقِّ ظَاهِرِينَ لَا يَخْرُجُونَ مِنْ خَالِفِهِمْ حَتَّى يَأْتِيَ أَمْرُ اللَّهِ» . رَوَاهُ أَبُو دَاؤِدَ

صحيح ، رواه أبو داؤد (4252) -

(صحيح)

বাংলা

৫৪০৬-[২৮] সাওবান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমার উম্মতের মধ্যে যখন একবার তলোয়ার চালিত হবে, তখন তা আর কিয়ামত পর্যন্ত বন্ধ করা হবে না। আর কিয়ামত সেই পর্যন্ত প্রতিষ্ঠিত হবে না যে পর্যন্ত না আমার উম্মতের কোন কোন সম্প্রদায় মুশরিকদের সাথে মিলিত হবে এবং যেই পর্যন্ত না আমার উম্মতের কোন গোত্র মূর্তিপূজা করবে। তিনি (সা.) আরো বলেছেন, অদূর ভবিষ্যতে আমার উম্মতের মাঝে ত্রিশজন মিথ্যাবাদীর আগমন ঘটবে এবং তারা প্রত্যেকেই আল্লাহর নবী হওয়ার দাবি করবে। অথচ সত্য কথা হলো, আমিই শেষ নবী, আমার পরে আর কোন নবী নেই। তিনি (সা.) আরো বলেছেন, আমার উম্মতের একটি দল সত্যের উপর অনড় থাকবে, যারা তাদের বিরোধিতা করবে, তারা কিয়ামত আসা পর্যন্ত তাদের কোনই ক্ষতিসাধন করতে পারবে না। (আবু দাউদ ও তিরমিয়ী)

ফুটনোট

সহীহ: আবু দাউদ ৪২৫২, তিরমিয়ী ২২০২, সহীল্ল জামি' ৮২৮, আল মুসতাদরাক লিল হাকিম ৮৩৯০, ইবনু মাজাহ ৩৯৫২, সিলসিলাতুস সহীহাহ ১১০৮, মুসনাদে আহমাদ ১৬৯৫৬, বুখারী ৭১, মুসলিম ১৭৬-(১৯২৪), সহীহ ইবনু হিক্বান। ৬৮৩৬, আস্স সুনানুল কুবরা লিন্ন নাসায়ী ৮৭১২, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৬১১১, আল মু'জামুল আওসাত্ত ৮৩৯৭, আল মুসতাদরাক লিল হাকিম ৮৪০৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা : এখানে উদ্দেশ্য হলো তরবারি কিংবা অন্যান্য যুদ্ধান্ত; যেমন- বর্ণা, তীর ও কামান ইত্যাদি দ্বারা যুদ্ধ সংঘটিত হবে। এখানে 'আস্স সায়ফ' বা তরবারি কথাটি বিশেষভাবে উল্লেখ করা হয়েছে, কারণ যুদ্ধক্ষেত্রে তরবারির ব্যবহার তৎকালীন সময়ে সবচেয়ে বেশি হত। আর এ যুদ্ধ কিয়ামত পর্যন্ত চলমান থাকবে, কোন শহরে তরবারি বা যুদ্ধ সামগ্রীর প্রয়োজনীয়তা না থাকলেও অন্য কোন শহর বা অঞ্চলে তার প্রয়োজনীয়তা থাকবে।  
(তুহফাতুল আহওয়ায়ী ৬ষ্ঠ খণ্ড, ৬২ পৃ., হা. ২২০২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85384>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন